## উপজেলা পরিষদ, কয়রা, খুলনার ডিসেম্বর/২০২২ মাসের মাসিক সাধারণ সভার কার্যবিবরণী ঃ

| | | |
|---|---|---|
| সভাপতি | ঃ | জনাব এস, এম, শফিকুল ইসলাম, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কয়রা, খুলনা। |
| স্থান | ঃ | উপজেলা পরিষদ সভাকক্ষ, কয়রা, খুলনা। |
| তারিখ | ঃ | ২১/১২/২০২২খ্রি.। |
| সময় | ঃ | সকাল ১১.০০ ঘটিকা। |
| উপস্থিতি | ঃ | পরিশিষ্ট-"ক"। |

সভাপতি মহোদয় সভার শুরুতে উপস্থিত সদস্যবৃন্দকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর ২৯/১১/২০২২খ্রি.তারিখ অনুষ্ঠিত সভার কার্যবিবরণী পাঠ করা হয়। কোন সংশোধনী না থাকায় কার্যবিবরণী সর্ব সম্মতিক্রমে অনুমোদিত হয়।

অতঃপর সভায় দপ্তর ভিত্তিক নিম্নরূপ আলোচনা হয় ও সিদ্ধান্ত সমূহ গৃহীত হয়।

| ক্রঃনং | দপ্তরের নাম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ০১. | উপজেলা পরিষদ কয়রা, খুলনা। | (ক) উপজেলা প্রকৌশলী, কয়রা, খুলনা সভায় জানান উপজেলা পরিষদের মার্চ/২০২২ মাসের মাসিক সভার ১(জ) নং অনুচ্ছেদে উপজেলা পরিষদের ৭টি জরাজীর্ণ আবাসিক ভবন বসবাসের অনুপোযোগী হওয়ায় কনডেম ঘোষণা করার প্রস্তাব অনুমোদনের প্রেক্ষিতে কেওড়া, কাঁকড়া, বাইন, গরান, পশুর, উপজেলা চেয়ারম্যান মহোদয়ের বাসভবন ও উপজেলা নির্বাহী অফিসার মহোদয়ের বাসভবন এ ০৭(সাত)টি ভবনের কনডেমের জন্য প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে। প্রস্তুতকৃত প্রাক্কলন সভায় অনুমোদনের জন্য প্রস্তাব করেন এবং অনুমোদিত প্রাক্কলনটি জেলা কনডেমনেশন কমিটির নিকট প্রেরণ করা যেতে পারে।<br>দাখিলকৃত ০৭ টি কনডেমনেশন ভবনের প্রাক্কলিত মূল্য নিম্নরূপঃ<br>(১) আবাসিক ভবন কেওড়ার প্রাক্কলিত মূল্য ২,৮২,৮০৩/-<br>(২) আবাসিক ভবন কাঁকড়া প্রাক্কলিত মূল্য ৩,১৫,২৭১/-<br>(৩) আবাসিক ভবন বাইন প্রাক্কলিত মূল্য ২,৮২,৭৫০/-<br>(৪) আবাসিক ভবন গরান প্রাক্কলিত মূল্য ২,১৪,৫৩৮/-<br>(৫) আবাসিক ভবন পশুর প্রাক্কলিত মূল্য ৪,১৫,৭২৮/-<br>(৬) উপজেলা চেয়ারম্যান মহোদয়ের বাসভবন প্রাক্কলিত মূল্য ২,৪৩,৯৭৫/-<br>(৭) উপজেলা নির্বাহী অফিসার মহোদয়ের বাসভবন প্রাক্কলিত মূল্য ১,৭৬,৩৫৯/- | (ক) সভায় বিস্তারিত আলোচনান্তে সভার সর্বসম্মতিক্রমে উপজেলা পরিষদের ০৭(সাত)টি পরিত্যাক্ত ভবনের কনডেম ঘোষণার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জেলা প্রশাসক, খুলনা মহোদয় বরাবর প্রেরণ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার কয়রা, খুলনা। |
| | | (খ) উপজেলা প্রকৌশলী, কয়রা, খুলনা সভায় জানান যে, "উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (UGDP)" এর আওতায় ২০২০-২১ অর্থবছরে ১টি অবকাঠামো উপ-প্রকল্প বাস্তবায়ন সমাপ্ত হয়েছে। ঠিকাদারের আবেদনের প্রেক্ষিতে ১) কয়রা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে অ্যাম্বুলেন্স সরবরাহ কাজের উপ-প্রকল্পের ঠিকাদার মেসার্স সোনিয়া এন্টারপ্রাইজ, কয়রা, খুলনা কর্তৃক সম্পন্ন করা হয়েছে। ঠিকাদার কর্তৃক সম্পন্নকৃত প্রকল্পের অনুকূলে নিম্নবর্ণিত হারে বিল পরিশোধের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>ঠিকাদার কর্তৃক বাস্তবায়নকৃত বিল ঃ ২৭,৯৩,০০০/-<br>৭.৫% হারে ভ্যাট কর্তন ঃ ২,০৯,৪৭৫/-<br>৩% হারে আয়কর কর্তন ঃ ৮৩,৭৯০/-<br>ভ্যাট ও আয়কর বাদে নীট দেয় ঃ ২৪,৯৯,৭৩৫/- | (খ) সভায় এতদ্ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। আলোচনান্তে উপ-প্রকল্প যথাযথ ও সঠিক ভাবে বাস্তবায়ন হওয়ায় কয়রা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে অ্যাম্বুলেন্স সরবরাহ কাজের উপ-প্রকল্পের চূড়ান্ত বিল বাবদ ২৪,৯৯,৭৩৫/- (চব্বিশ লক্ষ নিরানব্বই হাজার সাতশত পঁয়ত্রিশ)টাকার বিলটি ইউজিডিপি প্রকল্প অফিসে প্রেরণের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | প্রকল্প সংশ্লিষ্ট বিভাগ ও উপজেলা প্রকৌশলী, কয়রা, খুলনা উপজেলা পরিষদ, কয়রা, খুলনা এবং সংশ্লিষ্ট ঠিকাদার। |
| | | (গ) উপজেলা প্রকৌশলী, কয়রা, খুলনা সভায় জানান যে, "উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (UGDP)" এর আওতায় ২০২০-২১ অর্থবছরে ১টি অবকাঠামো উপ-প্রকল্প বাস্তবায়ন সমাপ্ত হয়েছে। ঠিকাদারের আবেদনের প্রেক্ষিতে কয়রা উপজেলার দুইটি শিক্ষা প্রতিষ্ঠানে স্যালুব্রিয়াস সেন্টার এন্ড রিফ্রেসমেন্ট কর্নার (ইনক্লুডিং অটিজম্ স্টুডেন্ট) নির্মান কাজের উপ-প্রকল্পের ঠিকাদার মেসার্স সোনিয়া এন্টারপ্রাইজ, কয়রা, খুলনা কর্তৃক সম্পন্ন করা হয়েছে। ঠিকাদার কর্তৃক সম্পন্নকৃত প্রকল্পের অনুকূলে নিম্নবর্ণিত হারে বিল পরিশোধের সিদ্ধান্ত | (গ) সভায় এতদ্ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। আলোচনান্তে উপ-প্রকল্প যথাযথ ও সঠিক ভাবে বাস্তবায়ন হওয়ায় কয়রা উপজেলার দুইটি শিক্ষা প্রতিষ্ঠানে স্যালুব্রিয়াস সেন্টার এন্ড রিফ্রেসমেন্ট কর্নার (ইনক্লুডিং অটিজম স্টুডেন্ট) নির্মান কাজের উপ-প্রকল্পের | |

<table>
<tr><td></td><td></td><td>গৃহীত হয়।<br>ঠিকাদার কৃর্তক বাস্তবায়নকৃত বিল ঃ ১৪,৯৭,৮৮১/-<br>৭.৫% হারে ভ্যাট কর্তন ঃ ১,১২,৩৪১/-<br>৫% হারে আয়কর কর্তন ঃ ৭৪,৮৯৪/-<br>ভ্যাট ও আয়কর বাদে নীট দেয় ঃ ১৩,১০,৬৪৬/-<br><br>(ঘ) ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কয়রা, খুলনা সভায় জানান ঘোষখালী নদীতে বোরো মৌসুমে প্রায় হাজার হাজার বিঘা জমিতে ফসলের আবাদ হয়। উক্ত নদীতে যেন লোনা পানি না উঠতে পারে সেজন্য তিনি প্রস্তাব করেন। তিনি আরও জানান কয়রা হতে খুলনা ঢাকা গামী বাস সার্ভিস চালুর প্রস্তাব করেন। সভার সকলে এ বিষয়ে একমত পোষণ করেন।</td><td>চুড়ান্ত বিল বাবদ ১৩,১০,৬৪৬/- (তের লক্ষ দশ হাজার ছয়শত ছেচল্লিশ) টাকার বিলটি ইউজিডিপি প্রকল্প অফিসে প্রেরণের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>(ঘ) সভার বিস্তারিত আলোচনান্তে সভার সর্বসম্মতিক্রমে কয়রা হতে খুলনা ঢাকা গামী বাস সার্ভিস চালুর করার জন্য মালিক সমিতি বরাবর পত্র প্রেরণ করা যেতে পারে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।</td><td><br><br><br><br><br><br>উপজেলা নির্বাহী অফিসার কয়রা, খুলনা।</td></tr>
<tr><td>০২.</td><td>উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, কয়রা, খুলনা।</td><td>(ক) উপজেলা নির্বাহী অফিসার, কয়রা, খুলনা সভায় জানান যে, জেলা প্রশাসক, খুলনা মহোদয়ের কার্যালয়ের স্থানীয় সরকার শাখার ৩১-১০-২০২২ খ্রি. তারিখের ৪৬.৪৪.৪৭০০.০২৪.৯৯.০০৫.২২-৬৩৯ নং স্মারক পত্রটি সভায় উপস্থাপন করেন। পত্রে ০২ নম্বর কয়রা লঞ্চঘাটটি ঘূর্ণিঝড় আইলায় বাঁধ ভেঙ্গে ঘাটটি নদী গর্ভে বিলিন হওয়ায় এবং পরবর্তীতে ঘাটটি যথাস্থানে স্থাপিত না হওয়ায় ইজারা ও খাস আদায় সম্ভব হচ্ছে না। যা উপজেলা পরিষদের মাসিক সভায় উপস্থাপন ও সিদ্ধান্ত গ্রহণপূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য পত্রে উল্লেখ আছে। তিনি উক্ত ০২ নং কয়রা লঞ্চঘাট ক্যালেন্ডার হতে বাতিলের জন্যসভায় মতামতের জন্য উপস্থাপন করেন। সভার সকলের উক্ত বিষয়ে পরবর্তী সভায় সিদ্ধান্ত গ্রহণের জন্য মতামত প্রদান করেন।</td><td>(ক) সভায় বিস্তারিত আলোচনান্তে সভার সম্মতিক্রমে ০২ নং কয়রা লঞ্চঘাটটি ক্যালেন্ডার হতে বাতিলে বিষয়ে পরবর্তী সভায় সিদ্ধান্ত গ্রহণে প্রস্তাব অনুমোদিত হয়।</td><td>উপজেলা নির্বাহী অফিসার,কয়রা, খুলনা।</td></tr>
<tr><td>০৩.</td><td>উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ দপ্তর, কয়রা, খুলনা।</td><td>উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা, কয়রা, খুলনা সভায় জানান যে, ২য় বুস্টার ডোজ কার্যক্রম ২০/১২/২০২২ খ্রি. হতে চালু উপজেলা স্বাস্থ্য দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান।</td><td>--</td><td>--</td></tr>
<tr><td>০৪.</td><td>উপজেলা কৃষি অফিস, কয়রা, খুলনা।</td><td>উপজেলা কৃষি অফিসার, কয়রা, খুলনা সভায় জানান যে, প্রনোদনা কার্যক্রম চলমান। তিনি আরও জানান উপজেলা পরিষদের অভ্যন্তরে কৃষি আবহাওয়া মেশিন স্থাপনের জন্য স্থান নির্বাচনের প্রস্তাব করেন। তিনি আরও জানান অফিসের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলমান।</td><td>--</td><td>--</td></tr>
<tr><td>০৫</td><td>উপজেলা প্রাণিসম্পদ অফিস কয়রা, খুলনা।</td><td>উপজেলা প্রাণিসম্পদ অফিসার, কয়রা, খুলনার প্রতিনিধি সভায় জানান যে অফিসের কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান।</td><td>--</td><td>--</td></tr>
<tr><td>০৬.</td><td>সিনিয়র উপজেলা মৎস্য অফিস, কয়রা, খুলনা।</td><td>সিনিয়র উপজেলা মৎস্য অফিসার, কয়রা, খুলনা সভায় জানান ০৪ জানুয়ারি ২০২৩ হতে ২৫ ফেব্রুয়ারি ২০২৩ পর্যন্ত ৪ ধাপে ৩২ দিন ব্যাপী বিশেষ কম্বিং অপারেশন পরিচালনা করা হবে। তিনি আরও জানান অফিসের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান।</td><td>--</td><td>--</td></tr>
<tr><td>০৭.</td><td>উপজেলা প্রকৌশল দপ্তর কয়রা, খুলনা।</td><td>(ক) উপজেলা প্রকৌশলী, কয়রা, খুলনা সভায় জানান যে, বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) এর প্রকল্প বাস্তবায়নের নিমিত্তে সকল ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণের নিকট হতে প্রকল্প তালিকা অতিসত্বর দাখিল করার জন্য প্রস্তাব করেন।</td><td>(ক) সভায় এতদ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। আলোচনান্তে সকল ইউপি চেয়ারম্যানগণ আগামী সভার পূর্বে প্রকল্প দাখিল করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।</td><td>উপজেলা প্রকৌশলী কয়রা, খুলনা।</td></tr>
<tr><td>০৮</td><td>উপজেলা পরিবার পরিকল্পনা অফিস কয়রা, খুলনা।</td><td>উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার নভেম্বর/২০২২ মাসের কাজের অগ্রগতি সভায় উপস্থাপন করেন।
<table>
<tr><td>সেবার নাম</td><td>মোট</td></tr>
<tr><td>সক্ষম দম্পতি</td><td>৪১৮০৯ জন</td></tr>
<tr><td>গ্রহণকারী</td><td>৩৩২৫০ জন</td></tr>
<tr><td>সি এ আর</td><td>৭৯.৪৩%</td></tr>
<tr><td>স্থায়ী পদ্ধতিঃ</td><td>পুরুষঃ ০ জন ও মহিলাঃ ০২ জন সর্বমোটঃ ০২ জন।</td></tr>
<tr><td>আই ইউ ডি</td><td>নতুন ০৫ জন</td></tr>
<tr><td>ইমপ্ল্যান্ট</td><td>নতুন ৩০ জন</td></tr>
<tr><td>ইনজেকটেবলস</td><td>৪০৫৬ জন</td></tr>
</table></td><td>--</td><td>--</td></tr>
</table>

| | | | | | |
|---|---|---|---|---|---|
| | | খাবার বড়ি | ২০০৭২ জন | | |
| | | কনডম | ১৭৪১ জন | | |
| | | মা ও শিশু স্বাস্থ্য সেবা | | | |
| | | গর্ভবতীর সংখ্যা | ১৭৪৩ জন | | |
| | | এএনসি | ২৮৮ জন | | |
| | | পিএনসি | ৭৬ জন | | |
| | | ডেলিভারি | UH&FWC : ০৮ জন ও সিএসবিএ কর্তৃক: ০২ জন সর্বমোট: ১০ জন। | | |
| | | জীবিত জন্ম | ০৯ জন | | |
| | | মাতৃমৃত্যু | ০ জন | | |
| | | শিশু মৃত্যু | ০১ জন | | |
| | | শিশু স্বাস্থ্য সেবা | | | |
| | | কেন্দ্র | ৪৮৭ জন | | |
| | | কেন্দ্রের বাহিরে | ৯০ জন | | |
| | | সাধারণ রোগী | ২৯১৯ জন | | |
| ০৯. | উপজেলা শিক্ষা অফিস, কয়রা, খুলনা। | উপজেলা শিক্ষা অফিসার, কয়রা, খুলনার সভায় জানান যে, অফিসের কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান। | | -- | -- |
| ১০. | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস, কয়রা। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, কয়রা, খুলনার সভায় জানান যে, অফিসের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান। | | -- | -- |
| ১১. | উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিস কয়রা, খুলনা। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, কয়রা, খুলনা সভায় জানান যে, অফিসের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলমান। তিনি অত্র দপ্তরের জন্য ০২ টি ল্যাপটপ প্রদানের দাবি জানান। | | -- | -- |
| ১২. | উপজেলা সমাজসেবা অফিস কয়রা, খুলনা। | উপজেলা সমাজসেবা অফিসার, কয়রা, খুলনা সভায় জানান যে, অত্র উপজেলায় বয়স্ক, বিধবা ভাতা সহ অন্যান্য সকল ভাতা প্রদানের অনলাইন কার্যক্রম চলমান। তিনি আরও জানান অফিসের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান। | | -- | -- |
| ১৩. | উপজেলা সমবায় অফিস, কয়রা, খুলনা। | উপজেলা সমবায় অফিসার, কয়রা, খুলনা সভায় জানান যে, অত্র উপজেলায় ২০/১২/২০২২ খ্রিঃ তারিখ পর্যন্ত নিবন্ধিত সমবায় সমিতির সংখ্যা ১৫৫ টি। ২০২০-২১ অর্থ বছরে ১,১৪,৩৩০/- টাকা অডিট ফি আদায় করে ট্রেজারি চালনের মাধ্যমে জমা প্রদান করা এবং ২০২১-২০২২ অর্থ বছরে অডিট ফি ধার্য ১৬,৫২০/- টাকা এর মধ্যে ১৬,৫২০/- টাকা অডিট ফি আদায় করে ট্রেজারি চালানের মাধ্যমে জমা করা হয়েছে। ২০২১-২০২২ অর্থ বছরে সমবায় সমিতির সদস্যদের প্রশিক্ষণ, সেমিনার ও জাতীয় সমবায় দিবস পালন উপলক্ষ্যে সমিতির নীট লাভের ৩% হারে সমবায় উন্নয়ন তহবিল বাবদ ৪০,৭৫৮/- টাকা আদায় করে জমা প্রদান করা হয়েছে। ২০২১-২০২২ অর্থ বছরে সমবায় উন্নয়ন তহবিল ধার্য করা হয়েছে ৪,৯৩৫/- টাকা এর মধ্যে ৪,৯৩৫/- টাকা সমবায় উন্নয়ন তহবিল আদায় করে অনলাইনের মাধ্যমে জমা প্রদান করা হয়েছে। ইতোমধ্যে সমিতির ৪৮০ জন সদস্যকে সমবায় ব্যবস্থাপনা বিষয়ক প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।<br><br>অত্র উপজেলায় ০২ টি আশ্রয়ণ প্রকল্প আছে (১) আমাদী আশ্রয়ণ প্রকল্প (ফেইজ-০২) ও (২) বাগালী আশ্রয়ণ প্রকল্প (ফেইজ- ০২)। মাননীয় প্রধানমন্ত্রীর কার্যালয় হতে আমাদী আশ্রয়ণ প্রকল্পে ১৬,১০,০০০/- টাকা ও বাগালী আশ্রয়ণ প্রকল্পে ৮,০০,০০০/- টাকা ঋণ বরাদ্দ পাওয়া গিয়েছে। আমাদী আশ্রয়ণ প্রকল্পের পূনর্বাসিতদের মধ্যে বিভিন্ন ট্রেডে ঘূর্নায়মান তহবিল হিসেবে ১৯,০১,০০০/- টাকা ঋণ দাদন করা হয়েছে। ঋণের আসল আদায় ১৩,৬৮,২৭৭/- টাকা এবং সুদ আদায় ১,১৩,০৩৪/- টাকা। আদায়ের হার ৭২%। দপ্তরের অন্যান্য কাজ স্বাভাবিক ভাবে চলছে। | | -- | -- |

<table>
<tr><td>১৪.</td><td>উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশল দপ্তর, কয়রা, খুলনা।</td><td>উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, কয়রা, খুলনা সভায় জানান যে, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, কয়রা, খুলনা এর মাধ্যমে বিভিন্ন উন্নয়নমূলক কাজ বাস্তবায়িত হচ্ছে। সমগ্রদেশে নিরাপদ পানি সরবরাহের প্রকল্পের আওতায় (৩য় বরাদ্দ) ১৮২টি পানির উৎসের স্থান তালিকা পাওয়া গেছে যার মধ্যে ১৩৮ টি ৩০০০ লিটার রেইন ওয়াটার হার্ভেষ্টিং এর কাজ শেষ এবং ৪৪টি গভীর নলকূপের স্থাপনের কাজ চলমান রয়েছে। PEDP-4 প্রকল্পের আওতায় ০৯ টি ওয়াশ ব্লকের মধ্যে ০৬টির কাজ সমাপ্ত বাকী ০৩টির কাজ ও ২৫টি টিএসপি স্থাপনের কাজ চলমান রয়েছে। GPS ও NNGPS প্রকল্পের আওতায় ১১টি গভীর নলকূপের কাজ সমাপ্ত।<br>১ম ধাপের মুজিববর্ষের গৃহহীন ও ভূমিহীন পরিবারের জন্য নির্মিত ঘরে পানির উৎস স্থাপন কাজে ৪৬টির মধ্যে ৪৬টি রেইনওয়াটার হার্ভেষ্টিং এর প্লাটফর্ম নির্মান সহ অন্যান্য কাজ সম্পন্ন হয়েছে ও ২টি গভীর নলকূপ স্থাপন কাজ সহ অন্যান্য কাজ শেষ হয়েছে। ২য় ধাপের মুজিববর্ষের গৃহহীন ও ভূমিহীন পরিবারের জন্য নির্মিত ঘরে পানির উৎস স্থাপনের কাজ ২৫টির মধ্যে ২৫ টি রেইন ওয়াটার হার্ভেষ্টিং এর প্লাটফর্ম নির্মান সম্পন্ন হয়েছে ও অন্যান্য কাজ সম্পন্ন হয়েছে। এছাড়া জিসিএ প্রকল্পে ২৮টি কমিউনিটি বেজসড রেইন ওয়াটার হার্ভেষ্টিং ও ০২ টি পুকুরের আন্ড্রা ফিল্টারের কাজ চলমান রয়েছে। কাজের ব্যাপারে সকলের সহযোগিতা কামনা করেন। তিনি আরও জানান দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান।</td><td>--</td><td>--</td></tr>
<tr><td>১৫.</td><td>উপজেলা মহিলা বিষয়ক অধিদপ্তর কয়রা, খুলনা।</td><td>উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় জানান অফিসের কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান।</td><td>--</td><td>--</td></tr>
<tr><td>১৬.</td><td>উপজেলা যুব উন্নয়ন অফিস, কয়রা, খুলনা।</td><td>উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, কয়রা, খুলনা নভেম্বর/২০২২ মাসের সভায় নিম্নরূপ তথ্য উপস্থাপন করেন।
<table>
<tr><th>বিষয়</th><th>চলতি মাস</th><th>চলতি বছর</th><th>ক্রমপুঞ্জিত</th><th>মন্তব্য</th></tr>
<tr><td>প্রশিক্ষণ</td><td>৩০</td><td>৬০</td><td>৮৩৮৮ জন</td><td>--</td></tr>
<tr><td>ঋণ বিতরণ (রাজস্ব)</td><td>০</td><td>৯,৯০,০০০/-</td><td>১,৯৬,১১,৫০০/-</td><td>--</td></tr>
<tr><td>পরিবার ভিত্তিক ক্ষুদ্রঋণ বিতরণ</td><td>০</td><td>০</td><td>২৯,৬০,০০০/-</td><td>--</td></tr>
<tr><td>জোরদারকরণ প্রকল্প (ঋণ বিতরণ)</td><td>০</td><td>০</td><td>৩,২৫,০০০/-</td><td>--</td></tr>
<tr><td>ঋণ আদায় হার (রাজস্ব)</td><td>৯১%</td><td>৯২%</td><td>৯৬%</td><td>--</td></tr>
<tr><td>আত্মকর্মীর তথ্য</td><td>২</td><td>১৪</td><td>৩৪২৮ জন</td><td>--</td></tr>
<tr><td>যুব সংগঠন তালিকাভুক্তি</td><td>০০</td><td>০১</td><td>১৩ টি</td><td>--</td></tr>
</table></td><td>--</td><td>--</td></tr>
<tr><td>১৭.</td><td>বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড (বিআরডিবি)।</td><td>উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, কয়রা, খুলনা সভায় জানান অফিসের কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান।</td><td>--</td><td>--</td></tr>
<tr><td>১৮.</td><td>উপজেলা সামাজিক বন বিভাগ, কয়রা, খুলনা।</td><td>উপজেলা বন কর্মকর্তা, কয়রা, খুলনা সভায় জানান অফিসের কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান।</td><td>--</td><td>--</td></tr>
<tr><td>১৯.</td><td>পল্লী সঞ্চয় ব্যাংক, কয়রা শাখা, খুলনা।</td><td>কার্যক্রম চলমান।</td><td>--</td><td>--</td></tr>
<tr><td>২০.</td><td>উপজেলা পল্লী দারিদ্র বিমোচন ফাউন্ডেশন, কয়রা, খুলনা।</td><td>উপজেলা দারিদ্র্য বিমোচন কর্মকর্তা, কয়রা, খুলনা সভায় জানান যে, পিডিবিএফ কয়রা কার্যালয়ে ২০২২-২০২৩ অর্থ বছরে লক্ষ্যমাত্রা অনুযায়ী ক্ষুদ্র ঋণ বাবদ ১,৮৯,৪৮,০০০/- (এক কোটি উননব্বই লক্ষ আটচল্লিশ হাজার) টাকা এবং ক্ষুদ্র উদ্যোক্তার মধ্যে ৪১,৫০,০০০/-</td><td>--</td><td>--</td></tr>
</table>

| | | | | |
|---|---|---|---|---|
| | | (একচল্লিশ লক্ষ পঞ্চাশ হাজার) টাকা এবং নারী উদ্যোক্তার মধ্যে ১০,৯০,০০০/- (দশ লক্ষ নব্বই হাজার) টাকা ঋণ বিনিয়োগ করেছে। যার চলতি ঋণ আদায়ের হার ৯৮%। তিনি আরও জানান অফিসের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান। | | |

২১. আর্থিক ব্যয় সংক্রান্ত (উপজেলা পরিষদ রাজস্ব তহবিল)

উপজেলা পরিষদের দৈনন্দিন ব্যয় এবং বিভিন্ন জরুরী প্রয়োজনীয় ব্যয় মিটানোর জন্য নিম্নবর্নিত ব্যয় বিল পরিষদের সভায় অনুমোদনের জন্য উপস্থাপন করা হয়।

| ক্রঃ নং | বিলের সংক্ষিপ্ত বিবরণ | টাকা |
|---|---|---|
| ০১. | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কয়রা, খুলনার নভেম্বর/২০২২ মাসের সম্মানী ভাতা। | ৪০,০০০/- |
| ০২. | ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কয়রা, খুলনার নভেম্বর/২০২২ মাসের সম্মানী ভাতা। | ২৭,০০০/- |
| ০৩. | মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কয়রা, খুলনার নভেম্বর/২০২২ মাসের সম্মানী ভাতা। | ২৭,০০০/- |
| ০৪. | উপজেলা পরিষদের নভেম্বর/২০২২ মাসের আপ্যায়ন ব্যয় বিল। | ২৯,৯৮৫/- |
| ০৫. | উপজেলা পরিষদের নভেম্বর/২০২২ মাসের আনুষংগিক ব্যয় বিল। | ৪,৯৯৪/- |
| ০৬. | উপজেলা পরিষদ মালীর নভেম্বর/২০২২ মাসের মজুরী বিল। | ১১,০০০/- |
| ০৭. | উপজেলা পরিষদ সুইপারের নভেম্বর/২০২২ মাসের মজুরী বিল। | ১২,১০০/- |
| ০৮. | উপজেলা পরিষদ, কয়রা, খুলনার খুলনা ঘ-১১-০০০৭ নং জীপ গাড়ীর অক্টোবর/২০২২ মাসের জ্বালানী তেলের ব্যয় বিল ভ্যাট ও আয়করসহ মোট বিল। | ২১,৪৫০/- |
| ০৯. | উপজেলা পরিষদ, কয়রা, খুলনার খুলনা ঘ-১১-০০০৭ নং জীপ গাড়ীর নভেম্বর/২০২২ মাসের জ্বালানী তেলের ব্যয় বিল ভ্যাট ও আয়করসহ মোট বিল। | ২৩,১৬৭/- |

সিদ্ধান্ত ঃ উপর্যুক্ত বিল সমূহের ব্যয় সম্পর্কে সভায় বিস্তারিত আলোচনা পূর্বক সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয় এবং বিল সমূহের অর্থ উপজেলা পরিষদ রাজস্ব তহবিল থেকে পরিশোধের জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।

সভায় আর কোন বিষয়ে আলোচনা না থাকায় সভাপতি কর্তৃক সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

এস, এম, শফিকুল ইসলাম
উপজেলা চেয়ারম্যান
ও
সভাপতি
উপজেলা পরিষদ সাধারণ সভা
কয়রা, খুলনা।
☎ ০২৪৭৭৭৩১৩১১ (অফিস)

উপজেলা পরিষদ
কয়রা, খুলনা।

স্মারক নংঃ ৪৬.৪৪.৪৭৫৩.০০১.০৬.০০১.২২-৯২৮(৪৫) তারিখঃ ২১-১২-২০২২ খ্রিঃ।

**অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলোঃ**

০১। মাননীয় সংসদ সদস্য-১০৪, খুলনা-০৬।
০২। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩। বিভাগীয় কমিশনার, খুলনা বিভাগ, খুলনা।
০৪। পরিচালক, স্থানীয় সরকার, খুলনা বিভাগ, খুলনা।
০৫। জেলা প্রশাসক, খুলনা।

**অনুলিপি সদয় কার্যার্থে প্রেরণ করা হলোঃ**

০৬। ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কয়রা, খুলনা।
০৭। মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কয়রা, খুলনা।
০৮। উপজেলা............................................অফিসার, কয়রা, খুলনা।
০৯। চেয়ারম্যান..................................ইউপি (সকল), কয়রা, খুলনা।
১০। সংরক্ষিত মহিলা সদস্য................................,কয়রা, খুলনা।

মোঃ মমিনুর রহমান
উপজেলা নির্বাহী অফিসার
কয়রা, খুলনা।
☎ ০২৪৭৭৭৩১৩০৬ (অফিস)